দৈনিক ইনকিলাব

01৫

তারিখ 21 MAR 1988

পৃষ্ঠা ১ কলাম ৬

## এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিন

# গুলী কাঁদানে গ্যাস সংঘর্ষ লাঠিচার্জ অর্ধশতাধিক আহত বহু গ্রেফতার

### ৪ শতাধিক পরীক্ষার্থী বহিষ্কার

।। স্টাফ রিপোর্টার।।

এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল গুলীবর্ষণ, কাঁদানে গ্যাস নিক্ষেপ, সংঘর্ষ, লাঠিচার্জে অর্ধ শতাধিক আহত ও বহু গ্রেফতারসহ ব্যাপক গণ-টোকাটুকির মধ্যদিয়ে ইংরেজী প্রথম ও দ্বিতীয়পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়।

কালীয়াকৈর উপজেলা কেন্দ্রে বিক্ষুব্ধ নকল সরবরাহকারীরা জোর করে পরীক্ষা কেন্দ্রে ঢোকার চেষ্টার সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ৩২ রাউণ্ড গুলীবর্ষণ করলে রফিকুল (২৫), শফিকুল (২০), স্বপন কুমার পালকে (২০) গুরুতর আহত অবস্থায় কুমুদিনী হাসপাতালে ভর্তি করা হয়। নকল ধরার

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## এসএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

কারণে ময়মনসিংহ এডিসি'র (সিটি) গাড়ীতে নকল সরবরাহকারীরা হামলা চালালে পুলিশ ৪ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। ফলে ৫ জন আহত হয়।

দিনাজপুর বিরল উপজেলা কলেজ কেন্দ্রে নকল সরবরাহকারী ও পুলিশের মধ্যে সংঘর্ষ চলাকালে পুলিশ ১ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। সংঘর্ষে ৫ জন পুলিশসহ বহু আহত হয়।

যশোরের একটি কেন্দ্রে বিদ্যালয় ভবনের কার্নিশ বেয়ে নকল সরবরাহ করতে যেয়ে তিনতলা থেকে পড়ে মজিবুল হক (২০) আহত হয়।

কুলাউড়া (মৌলভীবাজার) কেন্দ্রে ছাত্র-পুলিশ সংঘর্ষে শামছুল আরেফিন (১৮) নামে একজন ছাত্র গুরুতরভাবে আহত হয়।

নকল সরবরাহের সাথে জড়িত থাকায় পুলিশ রায়পুরায় ১ জন ও পঞ্চগড়ে ২ জন শিক্ষককে গ্রেফতার করে।

১৪৪ ধারা ভঙ্গ করে নকল সরবরাহ করার দায়ে যশোরে ৮ জন, মুন্সিগঞ্জে ৩ জন, কুলাউড়ায় ২ জন, শীবপুরে (নরসিংদী) ৭ জন, বন্দর উপজেলায় পিস্তলসহ ১ জনকে এবং বরিশালে ভুয়া পরীক্ষার খাতা বহনের দায়ে ২ জনকে গ্রেফতার করা হয়।

নকল করার অভিযোগে দেশের বিভিন্ন স্থানে ৪ শতাধিক ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

নকলের দায়ে শরিয়তপুর থেকে ৪ জন, ফরিদপুর থেকে ৮ জন, রাজবাড়ী থেকে ৭ জন, ধামরাই থেকে ১০ জন, মুন্সিগঞ্জ থেকে ৫১ জন, সাভার থেকে ৫ জন, নরসিংদী থেকে ৩৭ জন, পশাল থেকে ৩ জন, দিনাজপুর সদর থেকে ৭ জন, বিরল উপজেলা থেকে ১০ জন, ইশ্বরদী থেকে ৬ জনকে বহিষ্কার করা হয়। এছাড়া যশোরের বাগেরহাট থেকে ৪ জন, ক্যান্টনমেন্ট থেকে ১ জন, বাঘারপাড়া থেকে ৩১ জন, ঝিকরগাছা থেকে ২১ জন, মণিরামপুর থেকে ৫ জন, কেশবপুর থেকে ২ জন, মুসলিম একাডেমী থেকে ১ জনকে বহিষ্কার করা হয়। নকলের দায়ে কক্সবাজার থেকে ৫১ জন, পঞ্চগড় থেকে ৫১ জন, বরিশাল থেকে ১৬ জন, ময়মনসিংহ-এর গৌরিপুর থেকে ১৪ জন, ফুলপুর থেকে ১৫ জন ও ভালুকা থেকে ৩৯ জনকে এবং ব্রাহ্মণবাড়ীয়া থেকে ২৪ জনকে বহিষ্কার করা হয়।